WE ARE YOUR DOL

NEW YORK STATE OF OPPORTUNITY. | Department of Labor

# মহামারী জরুরী বেকারত্ব ক্ষতিপূরণ (PANDEMIC EMERGENCY UNEMPLOYMENT COMPENSATION - PEUC) এবং বর্ধিত সুবিধা (EXTENDED BENEFITS - EB) FAQS

মার্চ 2021-এ আপডেট করা হয়েছে

### প্র: বেকারত্ব বিমার কোন সংযোজিত সুবিধাগুলি বর্তমানে উপলব্ধ?

**উ:** বর্তমানে দু'টি সংযোজিত সুবিধা রয়েছে: মহামারী জরুরী বেকার ক্ষতিপূরণ প্রোগ্রাম (Pandemic Emergency Unemployment Compensation Program - PEUC), যেটি ফেডেরাল কেয়ারস অ্যাক্ট (Federal CARES Act) দ্বারা গঠিত এবং রয়েছে বর্ধিত বেনিফিট প্রোগ্রাম (Extended Benefits Program - EB), এটি যদি কোনও রাজ্য উচ্চ বেকারত্বের নির্দিষ্ট সীমায় পৌঁছে যায়, তাহলে রাজ্যের আইন দ্বারা কার্যকর হয়।

যুক্তরাষ্ট্রীয় আইনের অন্তর্ভুক্ত এই প্রোগ্রামগুলি কেবলমাত্র যারা আগে থেকেই বেকারত্ব বীমা (Unemployment Insurance - UI) পেয়ে আসছেন, তাঁদের জন্যই উপলব্ধ। যে-সমস্ত ব্যক্তি মহামারী বেকারত্ব সহায়তা (Pandemic Unemployment Assistance - PUA) পেয়ে থাকেন, তাঁরা PEUC কিংবা EB সুবিধার যোগ্য নন, কিন্তু **এই** সময়ে 79 সপ্তাহ পর্যন্ত PUA সুবিধা পেতে পারেন।

| মহামারী জরুরী বেকারত্ব ক্ষতিপূরণ (PEUC) | বর্ধিত বেনিফিট প্রোগ্রাম |
|---|---|
| 53 সপ্তাহের অতিরিক্ত সুবিধা প্রদান করে | 20 সপ্তাহের অতিরিক্ত সুবিধা প্রদান করে (জানুয়ারী 2021 থেকে — এটি নিউইয়র্কের -এর বেকারত্বের হার কমলে পরিবর্তিত হতে পারে) |
| 5 এপ্রিল, 2020-তে উপলব্ধ | সুবিধা সপ্তাহ যা 5 জুলাই, 2020-তে শেষ হচ্ছে |
| 5 সেপ্টেম্বর, 2021-এ শেষ হওয়া সুবিধার সপ্তাহে মেয়াদোত্তীর্ণ হবে। | বর্তমানে, রাজ্যের বেকারত্বের উচ্চ হারের জন্য নিউইয়র্কের যুক্তরাষ্ট্রীয় নিয়মের অন্তর্ভুক্ত বর্ধিত সুবিধার জন্য যোগ্য। বেকারত্বের হারের পরিবর্তনের পাশাপাশি এটাও পরিবর্তিত হতে পারে। |

### প্র. কে PEUC প্রোগ্রামে সুবিধা পাওয়ার যোগ্য?

**উ:** PEUC-র জন্য যোগ্য হতে হলে, আপনাকে অবশ্যই প্রথমে 26 সপ্তাহের নিয়মিত UI সুবিধা শেষ করতে হবে ও কর্মহীন থাকতে হবে।

### প্র: কে EB প্রোগ্রামে সুবিধা পাওয়ার যোগ্য?

**উ:** EB-র জন্য যোগ্য হতে হলে, আপনাকে অবশ্যই প্রথমে 26 সপ্তাহের পুরনো বেকারত্ব বিমার সুবিধা গ্রহণ করতে হবে এবং 53 সপ্তাহের সমস্ত মহামারী জরুরী বেকারত্ব ক্ষতিপূরণ (PEUC) সুবিধা (সর্বমোট 70 সপ্তাহের সুবিধা) গ্রহণ করতে হবে এবং কর্মহীন থাকতে হবে।

দুটি বিকল্প পরিস্থিতি রয়েছে যা 20 সপ্তাহের সুবিধা পাওয়ার আগে আপনাকে EB-এর জন্য যোগ্য করে তুলতে পারেঃ

1. যদি নিয়মিত বেকারত্ব বিমার সুবিধার বছর 1 জুলাই, 2019-এর পর মেয়াদোত্তীর্ণ হয় এবং 13 সপ্তাহের PEUC সুবিধা পেয়ে থাকেন, বা
2. ডিসেম্বর 2020-এ কার্যক্রমটি বাড়ানোর আগে PEUC-এর প্রথম 13 সপ্তাহ পাওয়ার পরে আপনি EB-তে স্থানান্তরিত হয়েছিলেন।

আপনি বর্তমানে চাকুরিজীবী হলে, কাজ ছেড়ে বর্ধিত সুবিধার দাবি করতে পারবেন না — এটি করলে আপনি অযোগ্য বলে বিবেচিত হবেন।

## প্র: PEUC এবং EB ক'টি অতিরিক্ত সুবিধা সপ্তাহ প্রদান করে?

**উ:** ঐতিহ্যগতভাবে বেকারত্ব বিমার মেয়াদ 26 সপ্তাহ। জানুয়ারী 2021 অনুসারে, নিউইয়র্ক স্টেটের বেকারত্বের হারের উপর নির্ভর করে, PEUC 53 সপ্তাহের অতিরিক্ত সুবিধা এবং PEUC সুবিধা সপ্তাহের প্রথমদিকে EB হয় 13 বা 20 সপ্তাহের অতিরিক্ত সুবিধা প্রদান করে। এর অর্থ হল, নিউইয়র্কের লোকেরা মোট 92 বা 99 সপ্তাহের বেকারত্ব বিমার সুবিধার জন্য যোগ্য, যেটি নির্ভর করবে, তাঁরা কখন সেটির জন্য দাবি জানিয়েছেন এবং যদি যুক্তরাষ্ট্রীয় সরকার মনে করেন, নিউইয়র্কের "উচ্চ বেকারত্ব" কিংবা "অত্যধিক উচ্চ বেকারত্ব" রয়েছে। জানুয়ারী 2021 অনুসারে, নিউইয়র্কের লোকেরা 20টি অতিরিক্ত সপ্তাহের জন্য অতিরিক্ত সুবিধার যোগ্য বলে বিবেচিত হবেন।

## প্র: অতিরিক্ত সুবিধার জন্য আমার সুবিধার হার কীরূপ?

**উ:** আপনার সাপ্তাহিক হার পুরনো বেকারত্ব বিমার সুবিধার সমান হবে, যেটি আপনার সাম্প্রতিক উপার্জনের উপর নির্ভরশীল। আপনি আপনার সাপ্তাহিক সুবিধা এইভাবে হিসেব করতে পারেন:
**labor.ny.gov/benefit-rate-calculator/**

## প্র: আমি কি PEUC ও EB-র প্রতিটি অর্থ প্রদানের পাশাপাশি পরিপূরক সুবিধা পাব?

**উ:** বেকার থাকার সময়, PEUC এবং EB-এর জন্য যোগ্য ব্যক্তিরাও 4/5/2020 থেকে 7/26/2020 তারিখ পর্যন্ত, প্রতি সপ্তাহে $600 এবং 1/3/2021 থেকে 9/5/2021 তারিখ পর্যন্ত প্রতি সপ্তাহে $300 ফেডারাল মহামারী বেকারত্ব ক্ষতিপূরণ ফেডারাল মহামারী বেকারত্ব ক্ষতিপূরণ (Federal Pandemic Unemployment Compensation - FPUC) সংক্রান্ত অর্থ পাওয়ারও যোগ্য হবেন।

## প্র: আমি আমার মহামারী বেকারত্ব সহায়তা (PUA) সুবিধা নিঃশেষ করে ফেলেছি। আমি কি PEUC বা UI পাওয়ার যোগ্য?

**উ:** PEUC ও EB যারা কেবল পুরনো বেকারত্ব বিমা পেয়ে আসছেন যারা, তাঁদের জন্যই, PUA-এর জন্য নয়। তবে, যুক্তরাষ্ট্রীয় আইনানুসারে, যারা মহামারী বেকারত্ব সহায়তা (PUA) পাচ্ছেন, তাঁরা বর্তমানে 57 সপ্তাহের সুবিধার জন্য যোগ্য।

## প্র: কখন বর্ধিত সুবিধা শুরু হবে এবং কতদিন পর্যন্ত উপলব্ধ থাকবে?

**উ:** বর্ধিত সুবিধা 5 জুলাই, 2020-এ শেষ হওয়া সপ্তাহ থেকে শুরু হবে - তবে EB নেওয়ার আগে আপনাকে অবশ্যই প্রথমে 26 সপ্তাহের পুরনো UI ও 53 সপ্তাহের PEUC গ্রহণ করে থাকতে হবে।

## প্র: আমি EB-র যোগ্য কিনা কীভাবে দেখব?

**উ:** যারা EB-র যোগ্য, সেইসমস্ত দাবিদারদের কাছে শ্রম বিভাগ (Department of Labor) নির্দেশিকাপত্র পাঠাবে। যদি আপনার মনে হয়, আপনি EB-র যোগ্য, কিন্তু এখনও কোনও পত্র পাননি, তাহলে নিম্নলিখিত কাজগুলি করবেন:

যদি আপনার সুবিধার বছর শেষ **না** হয়ে থাকে, পুরনো সুবিধাগুলির জন্য নিম্নলিখিত কোনও পদ্ধতি ব্যবহার করতে পারেন। আপনি স্বয়ংক্রিয়ভাবেই বর্ধিত সুবিধার দাবি শুরু করতে পারবেন:

- **www.labor.ny.gov/signin**এ সাইন ইন করুন। "আমার অনলাইন পরিষেবা (My Online Services)" পেজে লগ ইন করে "বেকারত্বের পরিষেবা (Unemployment Services)," নির্বাচন করুন ও "সাপ্তাহিক সুবিধাগুলি দাবি করুন (Claim Weekly Benefits)" বেছে নিন।
- টেলিফোন দ্বারা: টেলিফোন পরিষেবা-এর কর মুক্ত নম্বরে ফোন করুন: **888-581-5812**. টেলিফোন পরিষেবা দিনে 24 ঘণ্টা, সপ্তাহে 7 দিনই উপলব্ধ।
- TTY/TDD ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা (শ্রবণ প্রতিবন্ধী): কোনও রিলে অপারেটরকে **800-662-1220** নম্বরে ফোন করুন এবং অপারেটরকে **888-783-1370** নম্বরে ফোন করতে বলুন।
- ভিডিও রিলে ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা: ভিডিও রিলে পরিষেবা ব্যবহারকারীরা: আপনার রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করুন এবং রিলে অপারেটরকে **888-783-1370** নম্বরে ফোন করতে বলুন।

যদি আপনার সুবিধা বছরের মেয়াদ শেষ হয়ে যায়, তাহলে যদি আপনি কোনও নিয়োগকর্তার অধীনে কাজ করেন এবং আপনার প্রাথমিক দাবি দায়ের করার পর থেকে আপনার সাপ্তাহিক সুবিধার হারের দশ গুণ অর্থরাশি আয় করেন, সেক্ষেত্রে আপনাকে একটি নতুন দাবি পেশ করতে হবে। UI প্রাপক যারা কোনও নিয়োগকর্তার অধীনে কাজ করেননি অথবা কোনও নিয়োগকর্তার অধীনে কাজ করেছেন কিন্তু তাদের প্রাথমিক দাবি পেশ করার পর থেকে তাদের সাপ্তাহিক সুবিধার হারের দশ গুণ অর্থরাশি আয় করেননি, তারা কেবল EB প্রাপ্তির শংসাপত্র রাখতে পারেন। এই পদ্ধতিগুলি ব্যবহার করে নতুন দাবি পেশ করতে পারেন:

- **unemployment.labor.ny.gov**এ সাইন ইন করুন: "লগইন করুন (Login)" করে "অভিযোগ দায়ের করুন (File A Claim)" নির্বাচন করুন। এর জন্য আপনাকে টেলফোন দাবি কেন্দ্রে ফোন করে দাবিটি সম্পূর্ণ করা বাধ্যতামূলক।
- টেলিফোন দ্বারা: টেলিফোন দাবি কেন্দ্রে **1-888-209-8124**-তে ফোন করুন, সোম থেকে শুক্র, সকাল 8:00 টা থেকে সন্ধে 6:00, আপনার ভাষা নির্বাচন করে দাবি পেশের জন্য "2" টিপুন। প্রয়োজনীয় তথ্যাদি প্রদানের পর, আপনাকে দাবি সম্পূর্ণ করার জন্য একজন প্রতিনিধির সঙ্গে কথা বলতে হবে।

- TTY/TDD ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা (শ্রবণ প্রতিবন্ধী): কোনও রিলে অপারেটরকে **800-662-1220** নম্বরে ফোন করুন এবং অপারেটরকে **888-783-1370** নম্বরে ফোন করতে বলুন।
- ভিডিও রিলে ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা: ভিডিও রিলে পরিষেবা ব্যবহারকারীরা: আপনার রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করুন এবং রিলে অপারেটরকে **888-783-1370** নম্বরে ফোন করতে বলুন।

## প্র: আমি কীভাবে প্রসারিত সময়ে সাপ্তাহিক সুবিধার জন্য প্রত্যয়ন করব?

**উ:** আপনি অতীতে যেভাবে সাপ্তাহিক সুবিধার জন্য প্রত্যয়ন করেছেন সেভাবেই PEUC বা EB-র অতিরিক্ত সপ্তাহের জন্য প্রত্যয়িত করবেন। ওয়েবসাইটে সুবিধা প্রত্যয়িত করার জন্য **www.labor.ny.gov/signin**-এ যান বা টেলিফোন পরিষেবা-এ **888-581-5812**-তে ফোন করে প্রত্যয়িত করুন। আপনাকে টেলিফোন দাবি কেন্দ্র-এর প্রতিনিধিকে ফোন করতে হবে না।

## প্র: EB-র জন্য কাজ খোঁজার প্রয়োজনীয়তা কোনগুলি?

**উ:** কাজ খোঁজার প্রয়োজনীয়তাগুলি পুরনো বেকার বিমার মতোই সমান, (দেখুন: **https://labor.ny.gov/ui/claimantinfo/work-search.shtm**)।

## প্র: কী হবে যদি আমি নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ দ্বারা অনুমোদিত প্রশিক্ষণশালায় অংশ নিই?

**উ:** যদি আপনি নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ দ্বারা অনুমোদিত প্রশিক্ষণশালায় অংশ নেন, তাহলে আপনি EB-র জন্য যোগ্য ও আপনার কাজ খোঁজার দরকার নেই। যদি আপনি প্রশিক্ষণ থেকে সাময়িক বিরতি নিয়ে থাকেন পাঁচ সপ্তাহের বেশি সময় ধরে, তাহলে আপনাকে কাজের জন্য উপলব্ধ ও কাজ খোঁজার জন্য সক্রিয়ভাবে চেষ্টা করতে হবে।

## প্র: বর্ধিত সময়ের জন্য বেকারত্ব সুবিধাগুলি কীরকম?

**উ:** আপনার বর্ধিত বেকারত্ব সুবিধা- হয় PEUC কিংবা EB- দু'টিই নিয়মিত বেকারত্ব বিমার সমান। আপনি আপনার সুবিধাগুলি সরাসরি জমা বা ব্যাঙ্কের ডেবিট কার্ড মারফত পেয়ে যাবেন। সুবিধাগুলি বর্ধিত দাবি অনুযায়ী একইভাবে প্রদান করা হবে।

যদি আপনার সুবিধা বছর শেষ হয়ে থাকে, তাহলে অনলাইনে নতুন দাবি পেশ করতে পারবেন ও সেক্ষেত্রে আপনাকে জিজ্ঞাসা করা হবে আপনি সরাসরি জমা বা ডেবিট কার্ড মারফত সুবিধা গ্রহণ করবেন কিনা। আপনি ফোন করে নতুন কোনও দাবি পেশ করে থাকলে আপনি আপনার সুবিধাগুলি স্বয়ংক্রিয়ভাবে ডেবিট কার্ড মারফত পাবেন, যদি না আপনার আগেকার কোনো দাবির জন্য সরাসরি জমা হওয়ার মাধ্যমে আপনি পেয়ে থাকেন।

## প্র: যদি আমার অনলাইনে সুবিধা প্রদানকারী ইতিহাস বাকি থাকা অর্থ-এর ক্ষেত্রে “0” দেখায়, তাহলে কী হবে?

**উ:** যদি আপনি EB-র যোগ্য হন, তাহলে বাকি থাকা অর্থ আপনি যখন পরবর্তী সুবিধার জন্য প্রত্যয়ন করবেন, তখন তার সঙ্গে সমন্বিত হয়ে যাবে। আপনার সুবিধা বছরটির মেয়াদ শেষ না হলে আপনাকে নতুন বেকারত্ব বিমা দাবি পেশ করতে হবে না এবং **আপনি সেই সকল দাবিদারদের মানদণ্ড অনুযায়ী উপযুক্ত যাদের অবশ্যই তাদের সুবিধা বছরের শেষে পুনরায় আবেদন করতে হবে:**

- যদি আপনি কোনও নিয়োগকর্তার অধীনে কাজ না করেন অথবা আপনার প্রাথমিক দাবি দায়ের করার পর থেকে আপনার সাপ্তাহিক সুবিধার হারের 10 গুণ অর্থরাশি আয় করেন, আপনি আপনার সুবিধা বছরের মেয়াদ শেষ হওয়ার তারিখের পরে আপনার বিদ্যমান দাবির বিষয়ে শংসাপত্রটি রাখতে পারেন। যদি আপনি আবার কাজে যোগ না দেন, তাহলে আপনাকে পুনরায় আবেদন জানাতে হবে না, কিন্তু যদি পুনরায় আবেদন জানান, তাহলে নতুন কোনও দাবির জন্য আপনার যোগ্যতা আমরা বিবেচনা করে দেখব।
- যদি আপনি কোনও নিয়োগকর্তার অধীনে কাজ করেন এবং আপনার প্রাথমিক দাবি দায়ের করার পর থেকে আপনার সাপ্তাহিক সুবিধার হারের 10 গুণ অর্থরাশি আয় করেন, তাহলে আপনাকে আপনার BYE-তে একটি নতুন দাবি পেশ করতে হবে।

## প্র: সুবিধা বর্ধিত করার সময়সীমা কী?

**উ:** মার্চ 2021 অনুসারে, PEUC এখন যোগ্য নিউ ইয়র্কবাসীদের জন্য 5 সেপ্টেম্বর, 2021-এ শেষ হওয়া সুবিধা সপ্তাহ পর্যন্ত বা যোগ্যতার মোট 53 সপ্তাহের জন্য, যেটি প্রথমে আসে, উপলব্ধ।

## প্র: PEUC এবং/অথবা EB-র ক্ষেত্রে আর একটি বর্ধিত সময় থাকবে কি?

**উ:** যুক্তরাষ্ট্রীয় সরকার 11 মার্চ, 2021-এ PEUC বর্ধিত করেছে। এই সময়ে EB বর্ধিত করা হয়নি।আপডেটের জন্য দেখতে থাকুন **www.labor.ny.gov.**